দৈনিক ইনকিলাব THE DAILY INQILAB








# অগ্নি নিরাপত্তার নিশ্চিতে জাতীয় বিল্ডিং কোড অনুসরনের আহবান

স্টাফ রিপোর্টার | প্রকাশের সময় : ২৪ জানুয়ারি, ২০২৩, ৬:১৯ পিএম

GangaKutir Resort & Spa
৯৫.৯৩ US$
Book Now

Flagship 72573 Sp
৭.৬৮ US$
Book Now

Book a deal on Agoda
Agoda







সারা[...] জাতীয় বিল্ডিং[...] নিয়ন্ত্রক সংস্থা, [...] জানান যাতে সকল মানুষ ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে নিরাপত্তা স্থাপনা গড়ে তুলতে পারে। সোমবার (২৩ জানুয়ারি) ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'ফায়ার-সেফ গ্লেজিং ফর আর্কিটেকচার' শীর্ষক ইন্টারেক্টিভ সেশনে তারা এ মন্তব্য করেন। মঙ্গলবার (২৪ জানুয়ারি) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

গ্রাসহপার গ্রুপ এবং এফজি গ্লাস যৌথভাবে বাংলাদেশের বাজারে শট ফায়ার সেফটি গ্লেজিং বাজারজাত করতে অনুষ্ঠানটির আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশের (আইএবি) সভাপতি স্থপতি প্রফেসর ড. খন্দকার সাব্বির আহমেদ বলেন, তারা রানা প্লাজা, তাজরীন ফ্যাশন, এফআর টাওয়ার, নিমতলী ও ছুড়িহাট্টার মতো অগ্নিকা-ের ঘটনা প্রত্যক্ষ করেছেন। তিনি বলেন, "বিল্ডিং কোড ও অন্যান্য নিয়ম না মানায় ঘটনাগুলো ঘটেছে। প্রতিটি নিয়ন্ত্রক সংস্থা ভবন ও কারখানার ওপর নজরদারি করতে ব্যর্থ হয়েছে।

ডা. সাব্বির পরবর্তী প্রজন্মের স্বার্থে সমস্ত সরকারী নিয়ন্ত্রক সংস্থা এবং সরকারের বিভাগগুলিকে ভবন গুলোকে পর্যাপ্তভাবে পর্যবেক্ষণ করার আহ্বান জানান।




স্থপতিদের এখানে অনেক কাজ রয়েছে। ভবিষ্যতের কথা বিবেচনা করে মানসম্পন্ন কারখানা এবং বিল্ডিংগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত। যদিও, স্থপতিদের তাদের গ্রাহকদের সাশ্রয়ী মূল্যের চাহিদা মেটাতে হবে বলে উল্লেখ করেন তিনি। এফজি গ্লাসের পরিচালক তারিক কাচওয়ালা সেখানে স্বাগত বক্তব্য দেন। প্যানেল আলোচনায় বিজিএমইএ সহ-সভাপতি শহীদুল্লাহ আজিম বলেন, রানা প্লাজা

এবং তাজরিন ফ্যাশনের পরে তারা তাদের পোশাক শিল্পে অগ্নি নিরাপত্তা ব্যবস্থার ব্যাপক উন্নতি করেছে। বাংলাদেশে ১৭০ টির বেশি লিড-সনদ প্রাপ্ত আরএমজি কারখানা রয়েছে যা বিশ্বের সর্বোচ্চ সংখ্যা। এখন আমরা বিল্ডিং কোড অনুসরণ করি বলে উল্লেখ করেন। তিনি বলেন, তাজরীন এবং রানা প্লাজার ঘটনাগুলি শিল্পের জন্য একটি টার্নিং পয়েন্ট ছিল যা অগ্নি নিরাপত্তা ইস্যুতে একটি বিপ্লব ঘটিয়েছে।

স্থপতি রফিক আজম বলেন, ক্লায়েন্টদের চাহিদা অনুযায়ী ভবন নির্মাণের আগে তাদের খরচের বিষয়টি বিবেচনা করতে হবে। উচ্চ পণ্য মূল্য এখানে প্রভাব ফেলে। স্থপতি মামনুন মুর্শেদ চৌধুরী বলেন, তারা সর্বদা অগ্নি নিরাপত্তা ইস্যু এবং নিয়মকানুন সম্পর্কে মানুষকে সচেতন করার চেষ্টা করেন।

সাবেক পরিচালক (অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স) বাংলাদেশ ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স মেজর (অব.) এ কে এম শাকিল নেওয়াজ বলেন, তিনি এফআর টাওয়ারের অগ্নিকা-ের মতো অনেক অগ্নিকা-ের নেতৃত্ব দিয়েছেন যা বর্ণনাতীত ঘটনা। তবে, আমি সকলকে জাতীয় বিল্ডিং কোড এবং অগ্নি নিরাপত্তা প্রবিধান মেনে চলার জন্য সকল প্রকার হতাহতের ঘটনা কমাতে অনুরোধ করছি বলে উল্লেখ করেন।

এমইপি কনসালটেন্ট ইঞ্জি. মো. হাসমোতুজ্জামান সবাইকে একই পেজে থাকার এবং কোডের সকল ত্রুটি দূর করে জাতীয় বিল্ডিং কোডের উন্নয়নে একসাথে কাজ করার অনুরোধ জানান। তিনি বলেন, কোডটি সময়োপযোগী হওয়া উচিত এবং অবকাঠামোর আধুনিক নকশা বিবেচনা করা উচিত।

ইলেকট্রনিক্স সেফটি অ্যান্ড সিকিউরিটি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ইসাব) সভাপতি জহির উদ্দিন বাবর বলেন, অগ্নিনিরাপত্তা পণ্য আমদানি করতে গিয়ে তারা কাস্টমসের বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছেন। তবে, আমি উৎপাদকের পণ্যের গুণমান বজায় রেখে কম দাম নির্ধারণ করার জন্য অনুরোধ করছি যাতে মানুষ পণ্য ব্যবহারে উৎসাহিত হয় বলে উল্লেখ করেন। তিনি বলেন, সেক্টরের উন্নয়নে তাদের সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তারা আমদানির মাধ্যমে ৮০ শতাংশ অভ্যন্তরীণ চাহিদা পূরণ করে।

গ্রাসহপার গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মাহমুদুর রশিদ বলেন, আমাদের শিল্প ও ভবনের জন্য টেকসই এবং নিরাপদ অগ্নি প্রতিরোধক গ্লেজিং সলিউশন দিতে এফজি গ্লাসের সাথে হাত মেলাতে পেরে আমরা খুবই গর্বিত। বাংলাদেশে বিনিয়োগ করতে আগ্রহী হওয়ার জন্য তিনি এফজি গ্লাসকে (ভারত) ধন্যবাদ জানান।




Facebook Twitter WhatsApp Email

0 0

Like DisLike

সর্বমোট মন্তব্য (0)

মন্তব্য করুন

নাম*

ইমেইল*

ফোন

এখানে আপনি আপনার মন্তব্য করতে পারেন

সাবমিট

## এ সংক্রান্ত আরও খবর

নয়া দল 'বাংলাদেশের বিপ্লবী কমিউনিস্ট লীগ', খুলনা থেকে যাত্রা শুরু সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহবান
২ সেপ্টেম্বর, ২০২২, ৮:২৪ পিএম



জেরুজালেমে সহিংসতা বন্ধে পাঁচটি ইউরোপীয় দেশের আহবান
২১ এপ্রিল, ২০২২, ১২:০১ এএম



বিনিয়োগে প্রধানমন্ত্রীর আহবান
২৬ সেপ্টেম্বর, ২০২১, ১২:০২ এএম

তালেবানের সঙ্গে সম্পৃক্ত হতে জাতিসংঘে কাতার আমিরের আহবান
২৪ সেপ্টেম্বর, ২০২১, ১২:০৬ এএম



ইসরাইলকে আলোচনায় বসার আহবান
২১ ডিসেম্বর, ২০২০, ১২:০১ এএম

অর্থনীতি ও প্রাণ-প্রকৃতি রক্ষার আহবান বেসরকারি ২৩ সংস্থার
২৯ এপ্রিল, ২০২০, ৯:৫৪ পিএম

সিলেট জেলা বিএনপির ১৮ ইউনিট কার্যক্রম নিয়ে বিভ্রান্ত না হওয়ার আহবান
৭ মার্চ, ২০২০, ১২:০০ এএম

ধ্বংস বন্ধের আহবান
২৪ জুলাই, ২০১৯, ১২:০৫ এএম

ব্যাংকের অলস টাকা আবাসন খাতে বিনিযোগের আহবান রিহ্যাবের
২৬ অক্টোবর, ২০১৬, ১২:০০ এএম

ব্যাংকের অলস টাকা আবাসন খাতে বিনিযোগের আহবান রিহ্যাবের
২৬ অক্টোবর, ২০১৬, ১২:০০ এএম

সীরাত স্মারকের জন্য লেখা আহবান
২৯ সেপ্টেম্বর, ২০১৬, ১২:০০ এএম

হংকং-এর বাণিজ্যমন্ত্রীর সঙ্গে তোফায়েল আহমেদের বৈঠক স্পেশাল ইকনমিক জোনে বিনিয়োগ আহবান
২২ এপ্রিল, ২০১৬, ১২:০০ এএম

থাইল্যান্ড গমনেচ্ছুদের ভিসা ইস্যু সহজীকরণে চট্টগ্রাম চেম্বারের আহবান
১৫ ফেব্রুয়ারি, ২০১৬, ১২:০০ এএম

ব্যাংককে সিএসআর খাত থেকে গবেষণা ব্যয় করার আহবান সাবেক গভর্নর সালেহউদ্দিনের
৩১ জানুয়ারি, ২০১৬, ১২:০০ এএম

## এ বিভাগের অন্যান্য সংবাদ

- ঢাকায় এক কবর সংরক্ষণে দেড় কোটি টাকা!
- প্রথম দিনে মেট্রোরেলের পল্লবী স্টেশনে নেই যাত্রীর চাপ
- সেচ মৌসুমে অগ্রাধিকার দিয়ে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী
- স্পিকারের সঙ্গে ঢাকায় নিযুক্ত সুইস রাষ্ট্রদূত নাথালি চুয়ার্ডের বিদায়ী সাক্ষাৎ
- যেকোনো অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় পিপিপি গুরুত্বপূর্ণ : ডিসিসিআই
- কারাগারের বাইরে বিশেষায়িত হাসপাতালে রিজভীর চিকিৎসার দাবি বিএনপির
- অপরাধীদের তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতার আহ্বান ডিএমপি কমিশনারের
- বুধবার থেকে পল্লবী স্টেশনে থামবে মেট্রোরেল
- হজযাত্রীদের বিমান ভাড়া সহনীয় পর্যায়ে নির্ধারণ করতে হবে
- বিতর্কিত পাঠ্যপুস্তক বাজেয়াপ্ত করে জাতিকে মুক্তি দিন বিভিন্ন দলের নেতৃবৃন্দ
- ‘স্বাধীনতার ঘোষণাপত্র মুক্তিযুদ্ধকে সাংবিধানিক ও আইনি ভিত্তি দিয়েছে’: প্রফেসর ড. হারুন-অর-রশিদ
- কারাগারে গুরুতর অসুস্থ বিএনপি নেতা রিজভী

.....সব সংবাদ.....

| সর্বশেষ | সর্বাধিক পঠিত | আলোচিত |
|---|---|---|

- ২০১৯ সালে পারমাণবিক হামলার প্রস্তুতি নিয়েছিল ভারত-পাকিস্তান : মাইক পম্পেও
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১২:৩০ পিএম
- মোংলায় সার বোঝাই লাইটার জাহাজ ডুবি ঃ ৮ কর্মচারী জীবিত উদ্ধার
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১২:১৩ পিএম
- নোমান গ্রুপের মামলায় ইনকিলাব সম্পাদকের জামিন
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১১:৫১ এএম

- চুরি করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ট্রান্সফরমার চোর নিহত
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১১:২৯ এএম
- ঢাকায় এক কবর সংরক্ষণে দেড় কোটি টাকা!
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১১:২৫ এএম
- বিলাওয়ালকে দিল্লি সফরের আমন্ত্রণ
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১১:২৩ এএম
- বাংলাদেশ পৃথিবীতে নেতৃত্ব দিবে, এর নাম হচ্ছে মুক্তিযুদ্ধ : নৌপরিবহন প্রতিমন্ত্রী
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১১:২১ এএম
- দেশে ফিরলেন মওদুদ আহমদের সহধর্মিণী হাসনা মওদুদ
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১১:১৭ এএম
- ফেব্রুয়ারির শুরুতেই মুক্তি পাচ্ছে 'বীরকন্যা প্রীতিলতা'
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১০:৪৫ এএম
- প্রথম দিনে মেট্রোরেলের পল্লবী স্টেশনে নেই যাত্রীর চাপ
  ২৫ জানুয়ারি, ২০২৩, ১০:৪২ এএম

.....সব সংবাদ.....

## গত ৭ দিনের সর্বাধিক পঠিত সংবাদ

- কী শিখবে শিক্ষার্থীরা?
- পঙ্গুত্ব কিনে বাড়ি ফিরলাম : তসলিমা নাসরিন
- ইউক্রেন যুদ্ধে মস্কোকে পরাজিত করতে রেকর্ড নিরাপত্তা প্যাকেজ ঘোষণা পেন্টাগনের
- কোটি টাকার কাবিন, শামীম-অহনার বিয়ের কাবিননামা ভাইরাল!
- সুইজারল্যান্ডে ডব্লিউইএফের বৈঠক ঘিরে চলছে রমরমা দেহ ব্যবসা
- ডনবাসের সব জায়গা দিয়ে অগ্রসর হচ্ছে রুশ সেনা
- যুদ্ধের জন্য ট্যাঙ্ক পাবে না ইউক্রেন
- নারী কেলেঙ্কারির ক,টনীতিককে পররাষ্ট্রমন্ত্রীর ক্লিন সার্টিফিকেট
- গুরুত্বপূর্ণ গ্রাম মুক্ত, বাখমুতের দিকে এগিয়ে যাচ্ছে রুশ সেনা
- বাখমুত, সোলেদারের কাছে ৭০ শতাংশ জনশক্তি হারিয়েছে ইউক্রেনী সেনা

.....আরও সংবাদ.....

মোবাইল অ্যাপস ডাউনলোড করুন

- হোম
- জাতীয়
- আন্তর্জাতিক
- খেলাধুলা
- বিনোদন
- বাংলাদেশ
- মহানগর
- ইসলামী বিশ্ব
- অভ্যন্তরীণ
- ইসলামী জীবন
- ইসলামিক প্রশ্নোত্তর
- সোনালী আসর
- মুক্তাঙ্গন
- ধর্ম দর্শন
- লাইফস্টাইল
- সাহিত্য
- ক্যারিয়ার
- শিক্ষাঙ্গন
- স্বাস্থ্য
- কর্পোরেট
- মহিলা
- আইটি এন্ড টেলিকম
- শিক্ষাদিক্ষা
- আদিগন্ত
- খেলা



**সম্পাদক : এ এম এম বাহাউদ্দীন**

ইনকিলাব এন্টারপ্রাইজ এন্ড পাবলিকেশন্স লি., ২/১, আর কে মিশন রোড, ঢাকা-১২০৩ এর পক্ষে সম্পাদক কর্তৃক প্রকাশিত এবং কাদেরিয়া পাবলিকেশন্স এন্ড প্রোডাক্টস লি., ২/১ আর কে মিশন রোড, ঢাকা-১২০৩ থেকে মুদ্রিত ।


পিএবিএক্স : ০২২২৩৩৫৯৩৯৪-৭, ফ্যাক্স: ০২২২৩৩৫৯৪০৪, e-mail : inqilab08@dhaka.net, বিজ্ঞাপন বিভাগ adsinqilab@gmail.com



privacy policy

© ২০১৯-২০২২ প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত. ইনকিলাব এন্টারপ্রাইজ এন্ড পাবলিকেশন্স লি.